

সৈয়দপুরে মাদ্রাসা সুপারের জালিয়াতি

১৮ আলিম পরীক্ষার্থীর
পরীক্ষা দেয়া হচ্ছে না

সৈয়দপুর থেকে নিজস্ব সংবাদদাতা : সৈয়দপুরে মাদ্রাসা সুপারের জালিয়াতির ফাঁদে পড়ে আলিম পরীক্ষার্থী ১৮ জন ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। ১৬ই মে প্রথমদিনের পরীক্ষায় অংশ নিয়ে তারা জানতে পারে, তাদের প্রবেশপত্রগুলো ভুয়া। পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষ ওইসব ছাত্রছাত্রীকে জানিয়ে দিয়েছে, আজ অনুষ্ঠিতব্য ২য় পরীক্ষায় অংশ নিতে প্রয়োজন হবে বৈধ প্রবেশপত্রের। অন্যথায় তাদের পুলিশে দেয়া হবে। ছাত্রছাত্রীরা বর্তমানে ভুয়া প্রবেশপত্রকে কেন্দ্র করে প্রেক্ষতার আতঙ্কে ভুগছে। অন্যদিকে মাদ্রাসা সুপার মওলানা আবদুল মান্নান দিয়েছে গা ঢাকা।

ঘটনাটি ঘটেছে উপজেলার শ্বাসকান্দর আলিম মাদ্রাসায়। এবারের আলিম পরীক্ষায় ওই মাদ্রাসা থেকে ১৫ জন নিয়মিত এবং ৩ জন অনিয়মিত ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয় শহরের কয়া গোলাহাট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে। এসব ছাত্রছাত্রীর কাছ থেকে মাদ্রাসা কর্তৃপক্ষ ফরম পূরণ করার সময় সকলের কাছ থেকে ৩ হাজার টাকা হারে আদায় করে এবং তিনি নিজ দায়িত্বে সকল ফরম পূরণ করবেন বলে জানিয়ে দেন। এদিকে পরীক্ষার সময় ঘনিষ্ঠে এলে ছাত্রছাত্রীরা প্রবেশপত্রের জন্য ওই শিক্ষককে তাগাদা দিলে তিনি তাদের বুঝিয়ে সুঝিয়ে রাখেন। ১৬ই মে প্রবেশপত্র ছাড়া ছাত্রছাত্রীরা পরীক্ষা দিতে শুরু করলে মাদ্রাসা সুপার তড়িঘড়ি করে তাদের হাতে একটি করে প্রবেশপত্র ধরিয়ে দেন রেজিস্ট্রেশন কার্ড ছাড়াই। ওই সময়ও

তাদের কাছ থেকে ৫শ' টাকা করে নেয়া হয়। পরীক্ষার্থীরা ওই পরীক্ষাশেষে জানতে পারে, তাদের প্রবেশপত্রগুলো ভুয়া। শুক্রবার পরীক্ষার্থীরা প্রেসক্লাবসহ উপজেলা নির্বাহী অফিসারের কাছে অভিযোগ করে। তারা জানায়, বর্তমানে মাদ্রাসা সুপার গা ঢাকা দিয়েছে। বহু খুঁজেও তাকে পাওয়া যাচ্ছে না।

এ ব্যাপারে প্রশাসনিকভাবে ওই মাদ্রাসা সুপারের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেয়া হলেও ছাত্রছাত্রীদের পরীক্ষার কি হবে সে বিষয়ে কোন কিম্বারা হয়নি।